

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.২০৭.১৪.০১৩ (অংশ-৬) ২১৪২

তাং- ২০/৬/২২

বিষয় : জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের (৬৪ জেলা ও ৫০ উপজেলা) অফিস সমূহে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) চুক্তি স্বাক্ষর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকায় মাঠ পর্যায়ের অফিস সমূহের সাথে কেন্দ্রীয় অফিস সমূহের চুক্তি ২৫ জুন ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে নির্ধারিত রয়েছে।

উক্ত নির্দেশিকার ভিত্তিতে জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের (৬৪ জেলা ও ৫০ উপজেলা) অফিস সমূহে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) চূড়ান্ত স্বাক্ষর আগামী ২২/০৬/২০২২ তারিখ সংস্থার নির্বাহী পরিচালক এবং জেলা/উপজেলায় দায়িত্বরত কর্মকর্তাগণের সাথে সম্পাদন করা হবে।

এমতাবস্থায়, আগামী ২২/০৬/২০২২ তারিখ সংস্থার মাঠ পর্যায়ের (৬৪ জেলা ও ৫০ উপজেলা) অফিস সমূহে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত প্রতিবেদন স্বাক্ষরের লক্ষ্যে সংস্থার ৬৪ জেলা এবং ৫০ উপজেলায় কর্মরত কর্মকর্তাদের ২ (দুই) সেট প্রতিবেদন স্পাইরাল বাউন্ডেলসহ সঙ্গে নিয়ে সংস্থার প্রধান কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, যেসকল জেলা ও উপজেলা সমূহ বণ্যা কবলিত সেসকল জেলা ও উপজেলা সমূহের কর্মকর্তাগণ স্বশরীরে উপস্থিত না হলেও চলবে। তবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত প্রতিবেদন ২ (দুই) সেট স্পাইরাল বাউন্ডেল করে সংস্থার নির্বাহী পরিচালক বরাবর ২৪/০৬/২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

 ২০/৬/২২

(সায়রা পারভীন)

উপপরিচালক (উপসচিব)

জাতীয় মহিলা সংস্থা

ফোন :৯৩৫১৬৫৮।

স্মারক নং-৩২.০২.০০০০.২০৭.১৪.০১৩ (অংশ-৬) - ২১৪২

তাং- ২০/৬/২২

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:

- ১। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
- ২। উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
- ৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
- ৪। সহ:পরিচালক (প্রকল্প)/হিসাব ও অর্থ/অর্থ/প্রকাশনা, জাতীয় মহিলা সংস্থা।
- ৫। নির্বাহী কর্মকর্তা/জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
৬৪ জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।
- ৬। উপজেলা সংগঠক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
৫০ উপজেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।

অনুলিপি:

- ১। জেলা চেয়ারম্যান, ৬৪ জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।
- ২। উপজেলা চেয়ারম্যান, ৫০ উপজেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।
- ৩। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক/উপপরিচালক জাতীয় মহিলা সংস্থা।
- ৫। অফিস কপি।

স্বাক্ষর ২০/০৬/২০২২
(লায়লা আরজুমান বানু)
সহকারী পরিচালক
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ৪৮৩১৩৭৭৬।